গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সখিপুর, টাংগাইল।
www.acl.sakhipur.tangail.gov.bd

স্মারক নং-৩১.৩০.৯৩৮৫.০০০.০৫.০০২.১৬ - ৭৪

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
৫ মার্চ ২০২৬ খ্রিঃ

**বিষয়: ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ইজারা বিজ্ঞপ্তি।**

**(বিজ্ঞপ্তি নং-০২/১৪৩২ বাংলা)**

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখার ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.১০৮ নম্বর স্মারক মোতাবেক সাধারণ আবেদনে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে সখিপুর উপজেলার নিয়ন্ত্রণাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট থেকে বর্ণিত সিডিউল অনুযায়ী শর্তসাপেক্ষে ম্যানুয়াল (অফলাইনে) আবেদন/দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | তারিখ | কার্যদিবস | গৃহিত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১. | ২৩ ফাল্গুন হতে ১৭ চৈত্রের মধ্যে (০৮ মার্চ হতে ৩১ মার্চের মধ্যে) | ১৩ (তের) দিন | ম্যানুয়াল পদ্ধতিতে (অফলাইনে) আবেদনপত্র গ্রহণ ও জামানতের মূলকপিসহ সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর, টাঙ্গাইলে দাখিল। |
| ০২. | ১৮ চৈত্র হতে ২২ চৈত্রের মধ্যে (০১ এপ্রিল হতে ০৫ এপ্রিলের মধ্যে) | ০৫ (পাঁচ) দিন | প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন, ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৩. | ২৩ চৈত্র হতে ২৪ চৈত্রের মধ্যে (০৬ এপ্রিল হতে ০৭ এপ্রিলের মধ্যে) | ০২(দুই) দিন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৪. | ২৫ চৈত্র হতে ২৯ চৈত্রের মধ্যে (০৮ এপ্রিল থেকে ১২ এপ্রিলের মধ্যে) | ০৪(চার) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান ও ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৫. | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | ০১ (এক) কার্যদিবস | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**জলমহালের তালিকাঃ**

| ক্র: নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | সখিপুর | ধলির পুকুর | ২.০০ | ৬৭৩৭ | ৭১০৪ | |
| ০২. | সখিপুর | হাতীমারা পুকুর | ২.৪৮ | ১০৪৩৭ | ১০৯৬০ | মালিকানা সংক্রান্ত জটিলতা রয়েছে |
| ০৩. | সখিপুর | মরা পুকুর | ২.০০ | ২৩০১৭ | ২৪১৬৮ | |
| ০৪. | সখিপুর | কৈয়ার পুকুর | ২.০০ | ৪৪২৭৫ | ৪৬৪৯০ | |
| ০৫. | সখিপুর | ভোলার পুকুর | ১.৫০ | ৬৫৬৩ | ৬৮৯২ | |
| ০৬. | সখিপুর | জিস পুকুর | ১.৬৭ | ৪৮৭৯৬ | ৫১২৩৬ | |
| ০৭. | সখিপুর | আন্ধা পুকুর | ০.৬০ | ৪৩৫৫ | ৪৫৭৩ | |
| ০৮. | সখিপুর | গিলাগাইছা পুকুর | ১.০০ | ৬২৯৬ | ৬৬১১ | |
| ০৯. | সখিপুর | নওলার পুকুর | ৩.৭৯ | ৯৪২৭ | ৯৮৯৯ | |
| ১০. | সখিপুর | ঝিনিয়ার পুকুর (যাদবপুর) | ১.০৪ | ২৮৮০ | ৩০২৪ | |
| ১১. | সখিপুর | মেন্দার পুকুর | ০.৯৯ | ৫৯৯৬ | ৬২৯৬ | |
| ১২. | সখিপুর | পলান খাস পুকুর | ০.৪১ | ৬২২২ | ৬৫৩৪ | |
| ১৩. | সখিপুর | টাইগার পুকুর | ১.৯০ | ১১৫৫০ | ১২১২৮ | |

| ক্র: নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৪. | সখিপুর | গজারিয়া পুকুর | ১.০০ | ৭২৯৬ | ৭৬৬১ | |
| ১৫. | সখিপুর | চুংগার পুকুর | ২.০০ | ৯৮১১ | ১০৩০২ | মহামান্য হাইকোর্টে ১০৯৫১/২০১৯ রীট মামলা চলমান। |
| ১৬. | সখিপুর | খাইলার পুকুর (মুচারিয়া পাথার) | ২.৬২ | ১৪৫১৭ | ১৫২৪৩ | |
| ১৭. | সখিপুর | ঝিনিয়ার পুকুর (তক্তারচালা) | ০.৯২ | ১২৮০৯ | ১৩৪৫০ | |
| ১৮. | সখিপুর | টুনকার পুকুর | ১.৩৬ | ৩৭১৬ | ৩৯০২ | |
| ১৯. | সখিপুর | খাইলার পুকুর (তক্তারচালা) | ১.৫০ | ৩৩৪৭ | ৩৫১৫ | |
| ২০. | সখিপুর | বলাই পুকুর | ০.৯২ | ৩৭০০ | ৩৮৮৫ | |
| ২১. | সখিপুর | পদ্ম পুকুর | ১.০০ | ৪২৩৪১ | ৪৪৪৫৯ | |
| ২২. | সখিপুর | ভূইয়ার পুকুর | ১.৯৩ | ৬০৯৮ | ৬৪০৩ | |
| ২৩. | সখিপুর | টেকাইনা পুকুর | ০.৭৫ | ৯০৬৯ | ৯৫২৩ | |
| ২৪. | সখিপুর | ভাউরিয়াচালা পুকুর | ২.১৭ | ৭৯৬২ | ৮৩৬১ | |
| ২৫. | সখিপুর | কেরানী পুকুর | ০.৬৮ | ৩৮০২ | ৩৯৯৩ | |
| ২৬. | সখিপুর | সমেশখার পুকুর | ০.৬৬ | ৩৩৪১ | ৩৫০৯ | |
| ২৭. | সখিপুর | সানবান্দা পুকুর | ৪.৮০ | ২২৭৫০০ | ২৩৮৮৭৫ | |
| ২৮. | সখিপুর | ছাইতার পুকুর | ০.৮৬ | ৬৩৩০ | ৬৬৪৭ | |
| ২৯. | সখিপুর | বোচার খাস পুকুর | ০.৪৩ | ৫৮৭৬ | ৬১৭০ | |
| ৩০. | সখিপুর | দরগার পুকুর | ০.৫০ | ৫৪৭৬ | ৫৭৫০ | |
| ৩১. | সখিপুর | খুনকার পুকুর | ১.০৫ | ৫১৫২ | ৫৪১০ | |
| ৩২. | সখিপুর | সুরিরচালা পুকুর | ০.৯৮ | ৩৮৭৭ | ৪০৭১ | |
| ৩৩. | সখিপুর | গারোর পুকুর | ২.৭৭ | ৫০২৫ | ৫২৭৭ | |
| ৩৪. | সখিপুর | ভাতকুড়া খাস পুকুর | ১.২৯ | ৯৪৪৮ | ৯৯২১ | |
| ৩৫. | সখিপুর | মৌলানী পুকুর | ১.২৯ | ৭১৬৪ | ৭৫২৩ | |
| ৩৬. | সখিপুর | কচুয়া সঃপ্রাঃ বিঃ পুকুর | ১.১০ | ২৫৪৩ | ২৬৭১ | কোর্ট অব ওয়ার্ডস |
| ৩৭. | সখিপুর | বড়চওনা বাজার পুকুর | ১.০৩ | ১১৪৫৭ | ১২০৩০ | |
| ৩৮. | সখিপুর | চাটার পুকুর (বড়চওনা) | ১.০০ | ৭৩৯৫ | ৭৭৬৫ | |
| ৩৯. | সখিপুর | জামাল হাটকুড়া পুকুর | ১.৬৭ | ১২০৪১ | ১২৬৪৪ | |
| ৪০. | সখিপুর | বক্তারখার ছোট দিঘী | ৩.৫০ | ১৩০০০ | ১৩৬৫০ | |
| ৪১. | সখিপুর | গবিন্দের পুকুর | ০.৯৮ | ২৫২৩ | ২৬৫০ | |
| ৪২. | সখিপুর | বাসারচালা পুকুর | ১.১৯ | ৮৩৩৩ | ৮৭৫০ | |

## জলমহাল বন্দোবস্তের শর্তসমূহঃ

১। ১ লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ (১৩ এপ্রিল ২০২৯) পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলমহালসমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি acl.sakhipur.tangail.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে ম্যানুয়াল পদ্ধতিতে (অফলাইনে) আবেদন সম্পন্ন করতে হবে। দাখিলকৃত আবেদনের কপি ও জামানতের (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূল কপি সীলগালা মুখবন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় , সখিপুর, টাঙ্গাইলে দাখিল করতে হবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে)

৫। দাখিলকৃত আবেদনে উল্লিখিত ইজারামূল্য প্রার্থীত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। জেলা প্রশাসক, টাঙ্গাইল কর্তৃক মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির অনুকূলে কোন পাওনা ও মামলা নেই মর্মে প্রত্যয়ন লাগবে।

৮। সমিতির প্রত্যেক সদস্যের ছবিসহ নামের তালিকা ও জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তার তীরবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর /সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতি সমূহ নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

১০। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সমবায় সংগঠন/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১১। প্রকৃত মৎসজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবী নহেন: তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

১২। আবেদনকারী মৎস্যজীবী /সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্ট এর প্রয়োজন হবে না।

১৩। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎসজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

১৪। ২০ একর পর্যন্ত পুকুর ইজারা প্রদানের জন্য কোনো মৎসজীবী সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল /পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

(ক) বেকার যুবক:

(খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান

(গ) যুব মহিলা

(ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা

(ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য

(চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি

তবে কোনো পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না।

১৫। লীজগ্রহীতা কোন মৎসজীবী সংগঠন/সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎসজীবী সংগঠন/সমবায় পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৬। কোন মৎসজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৭। উপেজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৮। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজ মানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৯। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

CamScanner

২০। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল হতে জানা যাবে।

২১। কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে জলমহাল সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন এবং সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

05/03/26

(মোঃ আবদুল্লাহ আল রনী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং-৩১.৩০.৯৩৮৫.০০০.০৫.০০২.১৬

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ মার্চ ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, সংসদীয় আসন ১৩৭ টাঙ্গাইল-৮, সখিপুর-বাসাইল।
২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
৫। উপজেলা.........................কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সখিপুর, টাঙ্গাইল(তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৭। চেয়ারম্যান/প্রশাসক.........................ইউনিয়ন পরিষদ, সখিপুর, টাঙ্গাইল (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা......................পৌর/ইউনিয়ন ভূমি অফিস সখিপুর,টাঙ্গাইল। (তাহাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বলা হলো)।
৯। সভাপতি/সম্পাদক ...............মৎস্যজীবী সংগঠন/ সমিতি সখিপুর (তাকে নির্ধারিত সময়ের মধ্যে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। জনাব.............................................
১১। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
১২। অফিস কপি।

05/03/2026

(শামসুন নাহার শিলা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সখিপুর, টাঙ্গাইল।
ফোন-০২৯৯৭৭৫৫৭০৪

CamScanner